

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

ওয়েব সাইট: www.rdodtekhulna.gov.bd
ই-মেইল: rdokhulna@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৪৪৭

তারিখ : ০১/১০/২০১৯ খ্রিঃ

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরস্বীকৃত বিভিন্ন প্রতিষ্ঠানে অধিদপ্তরের নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.২৯০.১৬/৪৭০(১৪০), তারিখঃ ২৫/০৯/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরে গত ২৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী অনুযায়ী খুলনা অঞ্চলের সকল এসএসসি (ভোক)/বিজনেস ম্যানেজমেন্ট কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান প্রধানদের নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

- ১। ফেসবুক ব্যবহার : প্রতিষ্ঠানের নামে ফেসবুক আইডি খুলে কারিগরি শিক্ষার প্রচার ও প্রসারের বিভিন্ন পজিটিভ কার্যক্রম তুলে ধরতে হবে। প্রতিদিন কমপক্ষে ২টি করে ব্যবহারিক ক্লাশের ছবি প্রতিষ্ঠানের আইডি হতে ফেসবুকে আপলোড করতে হবে। প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের সরকার/মন্ত্রণালয়/অধিদপ্তরের কোনো বিষয়ে আপত্তিকর মন্তব্য/মতামত প্রদান হতে বিরত থাকতে হবে।
- ২। “বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ” কর্ণার স্থাপন : সকল প্রতিষ্ঠানে আগামি ৩০/১০/২০১৯ তারিখের মধ্যে “বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ” কর্ণার স্থাপন করে প্রমাণক ছবিসহ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা এর ই-মেইল rdokhulna@gmail.com এ প্রেরণ করতে হবে।
- ৩। ডাটাবেজ তৈরী : প্রতিষ্ঠানের অধ্যয়নরত ও পাশ করা সকল শিক্ষার্থীদের ডাটাবেজ তৈরী ও হালনাগাদ করতে হবে।
- ৪। পরিবেশ সংরক্ষণ : প্রতিষ্ঠানের অভ্যন্তর পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে ও বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার/ফেস্টুন ইত্যাদি তৈরীর ক্ষেত্রে পেনাপেক্স এর পরিবর্তে পচনশীল কাপড় ও জুটেক্স ব্যবহার করতে হবে।

স্বঃ/-

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

প্রাপক,

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট,
সকল বি.এম কলেজ/এসএসসি (ভোকঃ) স্কুল/
সতন্ত্র কারিগরি প্রতিষ্ঠান (খুলনা অঞ্চল)।
.....

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৪৪৭(৫)

তারিখ : ০১/১০/২০১৯ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০।
- ২। পরিচালক (প্রশাসন/ডাকেশনাল/পিআইডব্লিউ/পরিঃ ও উন্নঃ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক, ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

১/১০/১৯